

প্রযুক্তি নাম: কিশোরগঞ্জের হাওর অঞ্চলে এক ফসল ধারার পরিবর্তে (পতিত-বোরো ধান-পতিত) দুই ফসল ধারার (সরিষা-বোরো ধান-পতিত) প্রবর্তন ও কৃষকের আয় বৃদ্ধি



### বিস্তারিত বিবরণ

প্রযুক্তির উপযোগিতার অঞ্চল	:	কিশোরগঞ্জ জেলার নিকলী উপজেলা এবং কৃষি পরিবেশ অঞ্চল-১৯ এবং এর অনুরূপ অঞ্চল।		
গবেষণার সময় কাল		২০১৭ থেকে ২০২০		
প্রযুক্তি ব্যবহারের তথ্য	বিষয়	ফসল বিন্যাস		
	ফসল জাত	সরিষা-বোরোধান-পতিত		পতিত-বোরোধান-পতিত
		সরিষা	বোরো ধান	বোরো ধান
		বারি সরিষা-১৭	ব্রিধান২৯	ব্রিধান২৯
	বপন/রোপন দূরত্ব	ছিটিয়ে বপন	২৫ সেমি x ১৫ সেমি	২৫ সেমি x ১৫ সেমি
	বপন/রোপনের সময়	০৩ থেকে ০৬ নভেম্বর	০৩ থেকে ০৪ ফেব্রুয়ারি	২৫-৩০ নভেম্বর
	সারের মাত্রা (নাইট্রোজেন-ফসফরাস-পটাশিয়াম-সালফার-জিংক-বোরন)	১১৫-৩২-৪০-২৫-২-২ কেজি/হে:	১৪০-১৮-৫৩-৮-৩-২ কেজি/হে:	১৪০-১৮-৫৩-৮-৩-২ কেজি/হে:
	সার প্রয়োগ পদ্ধতি	নাইট্রোজেন বাকী সকল সার শেষ জমি তৈরির সময় প্রয়োগ করতে হবে। বাকী নাইট্রোজেন সার সমান দুই ভাগে ভাগ করে বপনের ২৫ ও ৪৫ দিন পর উপরি প্রয়োগ করতে হবে।	নাইট্রোজেন সার ছাড়া বাকী সকল সার শেষ জমি তৈরির সময় প্রয়োগ করতে হবে এবং নাইট্রোজেন সার সমান তিন ভাগে ভাগ করে রোপনের ১০,৩০ ও ৪৫ দিন পর উপরি প্রয়োগ করতে হবে।	নাইট্রোজেন সার ছাড়া বাকী সকল সার শেষ জমি তৈরির সময় প্রয়োগ করতে হবে এবং নাইট্রোজেন সার সমান তিন ভাগে ভাগ করে রোপনের ১০,৩০ ও ৪৫ দিন পর উপরি প্রয়োগ করতে হবে।
মাঠে ফসলের সময়কাল	৮৭ দিন	১১১ দিন	১১৬ দিন	
ফলন	১.৯১ টন/হে:	৬.৯৮ টন/হে:	৬.৬৫ টন/হে	

	ফসলের আন্তঃপরিচর্যা	সরিষা চাষের ক্ষেত্রে জমির আর্দ্রতা ভেদে ২-৩ টি সেচ দিতে হবে এবং দুই বার নাইট্রোজেন সার উপরি প্রয়োগ করতে হবে। বপনের ৬০-৬৫ দিন পর রোভরাল ছত্রাক নাশক দিয়ে সরিষা ক্ষেতে স্প্রে করতে হবে। ধান চাষের ক্ষেত্রে দুই বার নিড়ানী এবং তিনবার নাইট্রোজেন সার উপরি প্রয়োগ করতে হবে। ধানের জমিতে ১০ থেকে ১৫ সেমি পানি রাখতে হবে।	
প্রযুক্তি হতে লাভ-ক্ষতির বিবরণ (টাকা/হেঃ)		সরিষা-বোরোধান-পতিত	পতিত-বোরোধান-পতিত
	মোট আয়	২২৮৫৪৫	১৩৮৭৮০
	আয় উৎপাদন ব্যয়	১১৪৯৪০	৮১৬৩৮
	মোট মুনাফা	১১৩৬০৫	৫৭১৪২

### প্রযুক্তির বৈশিষ্ট্য

- \* দুই ফসলধারা প্রবর্তনে স্বল্প মেয়াদী বারি সরিষা-১৭ এর ব্যাপক জনপ্রিয়তা ও প্রসার লাভ করে।
- \* দুই ফসল ভিত্তিক শস্য ধারায় (সরিষা-বোরোধান-পতিত) ধানের সমতুল্য ফলন ১২.৬৯ টন/হেঃ যা এক ফসল ভিত্তিক শস্য ধারা (পতিত-বোরোধান-পতিত) (৭.২৮ টন/হেঃ) অপেক্ষা ৬২% বেশি।
- \* দুই ফসল ভিত্তিক শস্য ধারায় মোট মুনাফা (১১৩৬০৫ টাকা/হেঃ) যা এক ফসল ভিত্তিক শস্য ধারা অপেক্ষা ১০৫% বেশি।
- \* দুই ফসল ভিত্তিক শস্য ধারায় প্রামিত্তক আয় ব্যয়ের অনুপাত ২.৫